# মে/২০২৬ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| প্রশাসক | ঃ | পাপিয়া সুলতানা<br>প্রশাসক, উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>কাউনিয়া, রংপুর। |
| তারিখ | ঃ | ২১/০৫/২০২৬ খ্রি.। |
| সময় | ঃ | দুপুর ১২:০০ ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ৩০/০৪/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :**

| ক্র:নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করা হচ্ছে। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিররণী নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে প্রতিমাসে সভা করে সভার কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল) কাউনিয়া, রংপুর। |
| ০২ | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন। | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে সভার কার্যবিবরণী প্রতিমাসে সভা করে সভার কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

**বিভাগ ভিত্তিক আলোচনা :**

**১.উপজেলা স্বাস্থ্য বিভাগঃ**

| ক্র:নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, ইনডোর, আউটডোর ও ইমারজেন্সি সেবা প্রদান এবং হাম রোবেলা, হেপাটাইটিস-বি/৩ সহ সকল প্রকার টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**২.উপজেলা কৃষি বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা কৃষি অফিসার বলেন যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম সাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, কাউনিয়া, রংপুর। |

**৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা জানান যে, গাভীর কৃত্রিম প্রজনন, গবাদিপশু ও হাঁস-মুরগির বিভিন্ন টিকা প্রদান কার্যক্রম ও চিকিৎসা সেবা প্রদানসহ তাঁর কার্যালয়ের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**৪. মৎস্য বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মৎস্য অফিসার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের অগ্রগতি সম্পর্কে জানা যায়নি। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, কাউনিয়া, রংপুর। |

**৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের অগ্রগতি সম্পর্কে জানা যায়নি। | আগামী সভায় তাকে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর। |

**৬.উপজেলা প্রকৌশল বিভাগঃ**

উপজেলা প্রকৌশলী, নিম্নবর্ণিত বিষয় সমূহ সভায় আলোচনা করেন।

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১। | এপ্রিল/২০২৬ খ্রি. অগ্রগতির বিষয়ে আলোচনা : ADP-২০২৫-২০২৬ | ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি বরাদ্দকৃত টাকা।<br>১ম কিস্তি- স্মারক নং-৯৫, তারিখঃ ১০-০৯-২০২৫খ্রি., টাকা= ২১.৭০ লক্ষ।<br>২য় কিস্তি- স্মারক নং-৩৩৩, তারিখঃ ১৯-১১-২০২৫খ্রি., টাকা= ২১.৭০ লক্ষ।<br>৩য় কিস্তি- স্মারক নং-৩৩৩, তারিখঃ ১৯-১১-২০২৫খ্রি., টাকা= ৭.৩২ লক্ষ।<br>৪র্থ কিস্তি- স্মারক নং-৮৫৬, তারিখঃ ১৮-০৫-২০২৫খ্রি., টাকা= ২৯.০৪ লক্ষ।<br>মোট= ৭৯.৭৬,০০০.০০<br>বিষয়টি উপস্থাপন করা হলো। | | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কাউনিয়া, রংপুর। |
| ০২। | এপ্রিল/২০২৬ খ্রি. অগ্রগতির বিষয়ে আলোচনা : পরিদর্শণ কক্ষ | চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে উপজেলা পরিষদে পুরাতন ও নতুন কমপ্লেক্স ভবন (২য় তলায়) পরিদর্শন কক্ষের জন্য স্মারক নং ৪৬.০০.০০০০.০০০.০৪৫.২০.০৩৬৯.২৬-৮৪০, তারিখঃ ১০-০৫-২০২৬খ্রি. এ ৬.০০ লক্ষ টাকার বরাদ্দ প্রদান করা হয়।<br>বিষয়ঃ পরিদর্শন কক্ষের উপজেলা পরিষদের কোথায় হবে এ বিষয় নিয়ে উপস্থাপন করা হলো। | নতুন ভবনের ১ম তলার পরিদর্শন কক্ষের জন্য সিদ্ধান্ত গৃহীত হ | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকল্প ঃ পরিদর্শন কক্ষের মেরামত ও ডেকোরেশন । | e-Gp (LTM- Emergency) ৬.০০ লক্ষ টাকা | কাউনিয়া, রংপুর। |
| | | প্রকল্প ঃ পরিদর্শন কক্ষের জন্য চেয়ার, টেবিল, সোফা ও আলমারী ইত্যাদি ফার্নিচার সরবরাহ। | | |
| ০৩ | ADP (PIC) | ক) কাউনিয়া উপজেলার বালাপাড়া ইউনিয়নের তালুক সাহাবাজ গ্রামের ছামাদ মাষ্টারের বাড়ী সংলগ্ন টেপামধুপুর গামী পাকা রাস্তায় ইউ-ড্রেন নির্মাণ। | পিআইসি মাধ্যমে ২.৪০ লক্ষ টাকা (PIC কমিটি সংযুক্ত) | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কাউনিয়া, রংপুর। |
| | | খ) সনাতন মাদ্রাসা থেকে খানসামাহাট (আইডি নং-১৮৫৪২৫০২১) রাস্তা ২৫০০ চেইনেজে কালভার্ট এ টপ স্লাব নির্মাণ। | | |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, ডিএমএস এর মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। ২০২৭ সালের পাঠ্যপুস্তক মুদ্রণ, বাঁধাই ও সরবরাহের লক্ষ্যে চাহিদাকৃত বিষয় ভিত্তিক তালিকা প্রনয়ণ করে তা জেলা শিক্ষা অফিসে প্রেরণ করা হয়েছে। ২০২৬ সালের ৬ষ্ঠ মাধ্যমিক/৬ষ্ঠ দাখিল ও ১১শ শ্রেণি হতে উপবৃত্তি কার্যক্রম চলমান। তার বিভাগের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, শিক্ষা পদকের ব্যক্তি বাছাই এবং ক্রীড়া ও সাংস্কৃতি প্রতিযোগিতা সমাপ্ত হয়েছে। প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ এ উপজেলা বালিকা দল জেলা পর্যায়ে চ্যাম্পিয়ান হয়ে বিভাগীয় পর্যায়ে পরাজিত হয়েছে। উপজেলা শিক্ষা অফিস মেরামত/বিল্ডিং জরুরী প্রয়োজন। এছাড়া তার বিভাগের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯. উপজেলা সমাজকল্যাণ বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমাজসেবা অফিসার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের অগ্রগতি সম্পর্কে জানা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য বিশেষভাবে বলা হলো। | উপজেলা সমাজ সেবা অফিসার,কাউনিয়া, রংপুর। |

১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প খাল খনন কর্মসূচি অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান এর আওতায় কাউনিয়া উপজেলায় দুটি কাল কুর্শা খাল ও ধুম খাল খননের কাজ শুরু ১২/০৫/২০২৬ তারিখ হতে শুরু হয়েছে। সেতু/কালভার্টের মোট ৪টি ব্রীজের মধ্যে ৩টির কাজ শেষ হয়েছে। বাকি ১টির কাজ বৃষ্টির কারণে বন্ধ রয়েছে। এইচবিবি প্রকল্পের কাজ চলমান রয়েছে। কাবিখা ১ম পর্যায় গম ৫মেঃটন প্রকল্প-২, সভাপতি জহুরুল মেম্বার অর্ধেক গম উত্তোলন করেছেন কিন্তু কাজ শুরু করেননি। ২য় পর্যায় শহীদবাগ ইউপি ৩২,০০০/- টাকা প্রকল্প নং-৮, সভাপতি মহির মেম্বার অর্ধেক টাকা উত্তোলন করেন। পরবর্তীতে কাজ শুরুর আগে সড়ক দূর্ঘটনায় মারা যান। তাই কাজটি শেষ করা সম্ভব হয়নি। ভিজিএফ বিতরণ আগামী ২৪/০৫/২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের অগ্রগতি সম্পর্কে জানা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য বিশেষভাবে বলা হলো। | মহিলা বিষয়ক অফিসার, কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজলো যুব উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের অগ্রগতি সম্পর্কে জানা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য বিশেষভাবে বলা হলো। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, সঞ্চয় জমা, দল গঠন, ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ কার্যক্রম চলমান রয়েছে। সদস্যদের চারাগাছ বিতরণ করা হচ্ছে। সুফলভোগী ৩০জনকে ৩দিন ব্যাপী গবাদী পশু পালন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা সমবায় বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমবায় অফিসার বলেন যে, মোট নিবন্ধিত সমিতির সংখ্যা ৯৬টি। অডিট ১০০% সম্পন্ন হয়েছে। রাজস্ব আদায় চলমান। লক্ষ্যমাত্রা ২লক্ষ টাকা। এছাড়া তার বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা সমবায় অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৫. বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | ফরেস্টার, বন বিভাগ, বলেন যে, তার বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | ফরেষ্টার, বন বিভাগ, কাউনিয়া, রংপুর। |

১৬.জনস্বাস্থ্য বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বলেন যে, গ্রামীণ স্যানিটেশন প্রকল্পের আওতায় টুইন পিট টয়লেটের বরাদ্দ সকল ইউনিয়নে প্রেরণ করা হয়েছে। ০৩টি ইউনিয়ন থেকে তালিকা পাওয়া গেছে। বালাপাড়া, শহীদবাগ ও কুর্শা ইউনিয়ন থেকে তালিকা পাওয়া যায়নি। জেলা অফিস থেকে বারবার তাগাদা দেয়া হচ্ছে। দ্রুত তালিকা প্রেরণের জন্য ০৩টি ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | গ্রামীণ স্যানিটেশন প্রকল্পের আওতায় টুইন পিট টয়লেটের বরাদ্দ সকল ইউনিয়ন পরিষদ তালিকা প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), কাউনিয়া, রংপুর। |

১৭. উপজেলা খাদ্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা খাদ্য কর্মকর্তা জানান যে, অভ্যন্তরীন বোরো সংগ্রহ ২০২৬ মৌসুমে ধান ও চাল সংগ্রহ করা হবে। সংগ্রহ মূল্য ধান প্রতি কেজি ৩৬ টাকা ও চাল ৪৯ টাকা। এছাড়া তার বিভাগের [illegible] | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা খাদ্য কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৮. আনসার ও ভিডিপি বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, বাহিনীর মহাপরিচালক মহোদয় কর্তৃক ভাতাভোগী সদস্যদের ঈদ উপহার প্রদান করা হয়েছে। কাউনিয়া উপজেলার ৪৫জন ভাতাভোগী সদস্যকে এই উপহার প্রদান করা হয়েছে। ঈদে রেল স্টেশন ও গরু-ছাগলের হাটের নিরাপত্তার জন্য আনসার ভিডিপি সদস্য প্রস্তুত রয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা আনসার ভিডিপি অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৯. উপজেলা প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ কেন্দ্র:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা ইনস্ট্রাক্টর জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ কেন্দ্র, কাউনিয়া, রংপুর। |

২০. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২১. উপজেলা পরিসংখ্যান বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, বর্তমানে "নৌযান শুমারি-২০২৬" কার্যক্রমসহ বেশ কয়েকটি জরিপ কার্যক্রম চলমান রয়েছে। আগামী মাসে এসবিআর প্রণয়ণ এবং এসভিআরএস এর কাজ শুরু হবে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২২. পল্লী জীবিকায়ন প্রকল্প বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২২ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পল্লী জীবিকায়ন অফিসার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের অগ্রগতি সম্পর্কে জানা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য বিশেষভাবে বলা হলো। | উপজেলা পল্লী জীবিকায়ন অফিসার,কাউনিয়া, রংপুর। |

২৩. পল্লী বিদ্যুৎ সমিতি, কাউনিয়া

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের অগ্রগতি সম্পর্কে জানা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য বিশেষভাবে বলা হলো। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, কাউনিয়া, রংপুর। |

২৪. তথ্যকেন্দ্র, তথ্য আপা প্রকল্প, কাউনিয়া

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | এপ্রিল/২০২৬ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা | তথ্যসেবা কর্মকর্তা জানান যে, মে/২৬ মাসে একটি উঠান বৈঠক করা হয়েছে। তথ্যকেন্দ্র ভবনের ছাদের পলেস্তার খুলে পড়ছে,যা মেরামত করা জরুরী। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, কাউনিয়া, রংপুর। |

সভায় চেয়ারম্যান, টেপামধুপুর ইউপি জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল হতে টেপামধুপুর ভায়ারহাট হতে বুড়ির হাট গামী রাস্তার স্লাব সংস্কার জন্য ২,০০,০০০/-(দুই লক্ষ)টাকা বরাদ্দ হয়। কিন্তু সংশোধনের প্রয়োজন বর্তমানে বিশ্বনাথ মৌজায় বুড়ির হাট বাজার ভাযার হাট যাওয়ার অবধা বাধের পাশ্বে রাস্তার ব্রীজের উপর কাঠের সাকো নির্মাণ(২) আজমখাঁ মৌজার ভায়ারহাট হতে আজমখাঁ যাওয়া রাস্তার পুরাতন সাকোটি সয়স্কার করণ হবে। সভায় অনুমোদনের জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্ত :** সভায় ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল হতে টেপামধুপুর ভায়ারহাট হতে বুড়ির হাট গামী রাস্তার স্লাব সংস্কার পরিবর্তে বিশ্বনাথ মৌজায় বুড়ির হাট বাজার ভাযার হাট যাওয়ার অবধা বাধের পাশ্বে রাস্তার ব্রীজের উপর কাঠের সাঁকো নির্মাণ(২) আজমখাঁ মৌজার ভায়ারহাট হতে আজমখাঁ যাওয়া রাস্তার পুরাতন সাকোটি সংস্কার করণ অনুমোদন হয়। টাকার পরিমান =২,০০,০০০/-টাকা ।

চেয়ারম্যান, হারাগাছ, টেপামধুপুর, বালাপাড়া ও শহীদবাগ ইউপিগণ জানান যে, গ্রাম পুলিশ অবসর যাওয়ায় নতুন করে নিয়োগ করা প্রয়োজন। সভায় গ্রাম পুলিশগণের তালিকা : হারাগাছ ইউপি ৭নং ওয়ার্ড ০১জন, বালাপাড়া ইউপি ৫নং ওয়ার্ড ও ৮নং ওয়ার্ড ০২জন, টেপামধুপুর ইউপি ২নং ওয়ার্ড ০১জন, ৩নং ওয়ার্ড ০১জন, এবং শহীদবাগ ইউনিয়ন ১নং ওয়ার্ডে ০১জন সহ মোট ০৬জন গ্রাম পুলিশ শূন্যপদে নিয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

চেয়ারম্যান, বালাপাড়া ইউপি জানান তার বাড়ীর যাওয়ার রাস্তাটি এডিপি মাধ্যমে কাজ বন্ধ আছে, কাজটি জরুরী ভিত্তিতে শুরু করার জন্য অনুরোধ করেন। তিনি বলেন কাউনিয়া উপজেলার সাংবাদিক/মিডিয়া এমন কয়েকজন রয়েছে তাদের কাজ শুধু কাকে কিভাবে হয়রানি করা যায় টাকা পয়সা নেওয়ার বিষয়টি সভায় আলোচনা হলে বিষয়টি সত্য এবং উর্ধতন কর্তৃপক্ষকে জানানোর জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

এছাড়া সভায় উপজেলা পরিষদ চত্বরে পলাশ চা দোকান ও সাইকেল গ্যারেজ উপজেলা পরিষদে কোন প্রকার দোকান না রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী ব্যবস্থা নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ :**

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, ২০২৬-২০২৭ অর্থ বছরে খসড়া বাজেট সভায় উপস্থাপন করেন। তিনি বাজেট বিষয়ে সকলের মতামত প্রদানের জন্য অনুরোধ জানান । | ২০২৬-২০২৭ অর্থ বছরে খসড়া বাজেট আলোচনায় সভায় অনুমোদন হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ , উপজেলা নির্বাহী অফিসার কাউনিয়া, রংপুর। |
| ২। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে প্রচন্ড গরমের কারণে উপজেলা নির্বাহী কার্যালয়ে এমপি মহোদয় এবং উর্ধতন কর্তৃপক্ষ আগমন করে থাকেন সে কারণে ০২(দুই)টন ০১(এক)টি এসি ক্রয় করা প্রয়োজন। সভায় অনুমোদনের জন্য পেশ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য ০২টনের ০১টি এসি (গিরি) ক্রয়ের জন্য জনাব মো: আনছার আলী, চেয়ারম্যান ৫নং বালাপাড়া সভাপতি করে পিআইসি কমিটি গঠণ করে রাজস্ব তহবিল আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ , উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান,বালাপাড়া ইউপি, উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |

২। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(পাপিয়া সুলতানা)
প্রশাসক
উপজেলা পরিষদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
[illegible]